

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৭৬

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - নাম রাখা

আরবী

وَقَالَ:

وَغَيَّرَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اسْم الْعَاصِ وعزير وَعَتَلَةَ وَشَيْطَانٍ وَالْحَكَمِ وَغُرَابٍ وَحُبَابٍ وَشَهَابٍ وَقَالَ: تركت أسانيدها للاختصار

বাংলা

৪৭৭৬-[২৭] ইমাম আবূ দাউদ (রহিমাহুল্লাহ) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'আস, 'আযীয, 'আতালাহ্, শয়তান, হাকাম, গুরাব, হাবাব ও শিহাব ইত্যাদি নামগুলো পরিবর্তন করে রেখেছেন। তিনি আরো বলেন, আমি সংক্ষিপ্ত করার জন্য এর বর্ণনাসূত্র পরিত্যাগ করেছি।[1]

ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ৪৯৫৬, সিলসিলাতুস্ সহীহাহ্ ২১৪ আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৯৭৯৬, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ১৯৮৩।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অপছন্দনীয় নাম পরিবর্তন করেছেন যেমন এক বর্ণনায় রয়েছে, এক ব্যক্তির নাম ছিল اسود। (আসওয়াদ) অর্থ কালো। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার নাম রাখলেন। (আব্ইয়ায) যার অর্থ সাদা। যা বর্ণনা করেন ইমাম তিরমিয়ী (রহিমাহুল্লাহ)।

এছাড়া আবূ দাঊদ-এর বর্ণনায় রয়েছে, এক ব্যক্তির নাম ছিল اصرم। (আসরম), রস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তার নাম পরিবর্তন করে রাখলেন زرعة (যুর্'আহ্) আর صرم অর্থ কর্তন করা। নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম غراب، الحكم، شيطان، عتلة ও ('আযীয) عزيز ('আযীয) العاص (শিহাব, হিবাব, গরাব, আল হাকাম, শয়তান, 'আতালাহ্) নামগুলো পরিবর্তন করেন, এটা ছাড়া অনেক নাম



পরিবর্তন করেছেন যা বিভিন্ন বর্ণনায় রয়েছে।

আর তুহফাতুল আহ্ওয়াযীতে বর্ণিত হাদীসেও পরিবর্তনের কথা রয়েছে।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অপছন্দনীয় নাম পরিবর্তন করতেন। 'আওনুল মা'বূদে পরিবর্তনের কথা উল্লেখ রয়েছে।

(মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ ইমাম আবূ দাউদ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন